গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.nctb.gov.bd

**স্মারক নম্বর:** ৩৭.০৬.০০০০.০০০.৪০২.৭১.০০৬৮.০২.৩১

তারিখ: ৭ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: এসএসসি ও সমমান পরীক্ষার বাংলা, আইসিটি এবং ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ের প্রশ্ন কাঠামো ও নম্বর বিভাজন সংশোধন সংক্রান্ত।

সূত্র: আশিবো/প্রশা/২০১০/১২৬: ১৪/০৯/২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২৬ সাল থেকে অনুষ্ঠিতব্য এসএসসি ও সমমান পরীক্ষার বাংলা,আইসিটি এবং ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ের প্রশ্ন কাঠামো এবং নম্বর বিভাজন নিম্নোক্তভাবে সংশোধন করা হয়েছে:

১. বাংলা ২য় পত্র বিষয়ের বিদ্যমান প্রশ্ন-কাঠামো এবং নম্বর বিভাজন সংক্রান্ত নির্দেশনাবলীর রচনামূলক অংশের অনুবাদের অংশটি বাদ দেওয়া হলো। অনুবাদের জন্য বরাদ্দকৃত ১০ নম্বর সংবাদ প্রতিবেদনের জন্য বরাদ্দ করা হলো।

২. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের বিদ্যমান প্রশ্ন-কাঠামো এবং নম্বর বিভাজন থেকে সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন বাদ দেওয়া হলো। সংক্ষিপ্ত-উত্তর প্রশ্নের ১০ নম্বর পূর্বের বহুনির্বাচনি অংশের ১৫ নম্বরের সাথে যুক্ত করে মোট ২৫ নম্বর বহুনির্বাচনি প্রশ্নের জন্য বরাদ্দ করা হলো।

৩. ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ের ফিন্যান্স অংশ হতে ৮টি এবং ব্যাংকিং অংশ হতে ৭টিসহ মোট ১৫টি সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন থাকবে। যেকোনো একটি বিভাগ থেকে ন্যূনতম ৪টিসহ মোট ১০টি প্রশ্নের উত্তর দিতে হবে।

উল্লেখিত বিষয়সমূহের সংশোধিত প্রশ্ন-কাঠামো এবং নম্বর বিভাজন পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২২-০৯-২০২৫
রবিউল কবির চৌধুরী
চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব)

চেয়ারম্যান (আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি)
চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

**স্মারক নম্বর:** ৩৭.০৬.০০০০.০০০.৪০২.৭১.০০৬৮.০২.৩১/১ (৫)

তারিখ: ৭ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
২। পরিচালক , মাধ্যমিক উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৩। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৫। সহকারী মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ( ওয়েবসাইটে আপলোডের জন্য)।

CamScanner